গাংনীতে চারটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার, এলাকায় আতংক

মেহেরপুরের গাংনীতে ৪টি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ। আজ শনিবার (০৬ জানুয়ারী) সকালে উপজেলার চাঁদপুর-শালদহ উত্তর মাঠের পাকা সড়কের উপর থেকে স্থানীয় লোকজনের সংবাদের ভিত্তিতে হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা সেগুলো উদ্ধার করে। বোমা উদ্ধারের ঘটনা এলাকায় আতঙ্ক বিরাজ করছে।

স্থানীয়রা জানান, সকালে হাটতে বের হয়ে রাস্তায় ৪টি কালো টেপ দিয়ে মড়ানো বোমা সাদৃশ্য বস্তু দেখতে পেয়ে পুলিশকে সংবাদ দেয়া হলে তারা বোমা সাদৃশ্য বস্তু গুলো উদ্ধার করে পানিভর্তি বালতিতে রেখে নিয়ে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে এলাকায় আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে বোমা সাদৃশ্য বস্তুগুলি রাস্তার পাশে রেখেছিল দুর্বৃত্তরা। পুলিশ ঘটনা স্থলে গিয়ে বোমা সাদৃশ্য বস্তু চারটি পানিতে চুবিয়ে প্রাথমিক নিষ্ক্রিয় করে থানায় নিয়ে আসে । তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।